গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ২৪৮/২০১৮-২০১৯
ঢাকা, ১৯ জুন বুধবার ২০১৯, ৫ আষাঢ় ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। একনেকে ৮০৫৩ কোটি টাকা ব্যয়ে ১১টি প্রকল্পের অনুমোদন
২। সব বিমানবন্দরে ডগ স্কোয়াড গঠনের নির্দেশ প্রধানমন্ত্রীর
৩। প্রধানমন্ত্রীর সঙ্গে ইউএই'র খাদ্য নিরাপত্তা প্রতিমন্ত্রীর সৌজন্য সাক্ষাৎ :
অর্থনৈতিক অঞ্চলে সংযুক্ত আরব আমিরাতের বিনিয়োগ আহ্বান প্রধানমন্ত্রীর
৪। ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে জয়ে বাংলাদেশ ক্রিকেট টিমকে প্রধানমন্ত্রীর ফোন
৫। পরিবেশ ও বৃক্ষমেলা শুরু আগামীকাল :
বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে আগামীকাল অনুষ্ঠানের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী
৬। বিমানবন্দর থেকে কুতুবখালী এলিভিটেড এক্সপ্রেসওয়ের কাজ সমাপ্ত ২০২২ সালে : সেতুমন্ত্রী
৭। ডিআইজি মিজানের বিষয়ে তদন্ত হচ্ছে, সোহেল তাজের ভাগনে শীঘ্রই উদ্ধার হবে : স্বরাষ্ট্রমন্ত্রী
৮। দেশে ৩৫ লাখ ৮২ হাজার মামলা বিচারাধীন : সংসদে আইনমন্ত্রী
৯। পাঁচ বছরে ইলিশের উৎপাদন সাড়ে পাঁচ লাখ টন ছাড়িয়ে যাবে : সংসদে মৎস্য প্রতিমন্ত্রী
১০। পানি সঙ্কট মোকাবেলায় ৮০ প্রকল্পে বরাদ্দ ২৯৭৮ বিলিয়ন টাকা : সংসদে পানিসম্পদ প্রতিমন্ত্রী
১১। হাজীদের শতভাগ চিকিৎসাসেবা নিশ্চিত করতে হবে : স্বাস্থ্যমন্ত্রী
১২। জনগণের জন্য পুষ্টিকর খাদ্য নিশ্চিত করতে চাই :
সংযুক্ত আবর আমিরাতের খাদ্য প্রতিমন্ত্রীর নেতৃত্বে প্রতিনিধিদলকে খাদ্যমন্ত্রী
১৩। অভিবাসন ব্যয় কমাতে রিক্রুটিং এজেন্সিগুলোর ভূমিকা গুরুত্বপূর্ণ : প্রবাসী কল্যাণমন্ত্রী
১৪। তরুণরা আর চাকরি খুঁজবে না, চাকরি দেবে : তথ্য প্রযুক্তি প্রতিমন্ত্রী
১৫। মেয়াদোত্তীর্ণ ওষুধ এক মাসের মধ্যে ধ্বংসের আদেশ দিয়েছে হাইকোর্ট

চলমান পাতা-২

১। **একনেকে ৮০৫৩ কোটি  টাকা ব্যয়ে ১১টি প্রকল্পের অনুমোদন**

বাংলাদেশের ৩০টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পসহ মোট **১১** প্রকল্পের চূড়ান্ত অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এসব প্রকল্প বাস্তবায়নে মোট খরচ হবে ৮ হাজার ৫৩ কোটি টাকা। গতকাল (১৮ জুন মঙ্গলবার) রাজধানীর শেরেবাংলানগর এনইসি সম্মেলনকক্ষে একনেক চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভায় এসব প্রকল্প অনুমোদন দেয়া হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭)।

২। **সব বিমানবন্দরে ডগ স্কোয়াড গঠনের নির্দেশ প্রধানমন্ত্রীর**

দেশের বিমানবন্দরগুলোতে অধিকতর নিরাপত্তার জন্য সব বিমানবন্দরে ডগ স্কোয়াড গঠনের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিমানবন্দরে পৃথিবীর অনেক দেশে ডগ স্কোয়াড ইউনিট আছে। অধিকতর নিরাপত্তার জন্য ডগ স্কোয়াড ইউনিট প্রয়োজন বলেও জানিয়েছেন তিনি। গতকাল (১৮ জুন মঙ্গলবার) শেরেবাংলানগরে এনইসি সম্মেলনকক্ষে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় 'আন্তর্জাতিক বিমানবন্দরগুলোর নিরাপত্তা ব্যবস্থার উন্নয়ন' প্রকল্প অনুমোদনের সময় প্রধানমন্ত্রী এ নির্দেশনা দেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৬)।

৩। **প্রধানমন্ত্রীর সঙ্গে ইউএই'র খাদ্য নিরাপত্তা প্রতিমন্ত্রীর সৌজন্য সাক্ষাৎ :**
**অর্থনৈতিক অঞ্চলে সংযুক্ত আরব আমিরাতের বিনিয়োগ আহ্বান প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সংযুক্ত আরব আমিরাতের প্রতি (ইউএই) পারস্পারিক স্বার্থে বাংলাদেশের অর্থনৈতিক অঞ্চলে বিনিয়োগের আহ্বান জানিয়েছেন। ইউএই'র খাদ্য নিরাপত্তা প্রতিমন্ত্রী মরিয়ম আল মেইহরি গতকাল (১৮ জুন মঙ্গলবার) প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর জাতীয় সংসদ ভবন কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি বলেন, বাংলাদেশ এসব অঞ্চলে ইউএই'র বিনিয়োগকে স্বাগত জানাবে। প্রধানমন্ত্রী বলেন, দ্রুত শিল্পায়ন ও কর্মসংস্থান সৃষ্টির জন্য আরো আমরা দেশে ১০০টি অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা করছি এবং এখানে অনেক সুযোগ-সুবিধার ব্যবস্থা রয়েছে। তিনি আরো বলেন, উদ্যোক্তারা এসব অঞ্চলে নিজস্ব পছন্দ অনুযায়ী শিল্প স্থাপন করতে পারবে। প্রধানমন্ত্রী ইউএইর উদ্যোক্তাদের প্রতি এসব অঞ্চলে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প স্থাপনেরও আহ্বান জানান। সূত্র **: ইত্তেফাক (**পৃ.১৯,ক.৮**), সমকাল** (শেষ পৃ,ক.৫), **অবজারভার** (শেষ পৃ,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫)।

৪। **ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে জয়ে বাংলাদেশ ক্রিকেট টিমকে প্রধানমন্ত্রীর ফোন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে জয় পাওয়ায় বাংলাদেশ টিমের সঙ্গে ফোনে কথা বলেছেন। টেলিফোনে তিনি বাংলাদেশ দলের অধিনায়ক মাশরাফি বিন মর্তুজা, সাকিব আল হাসান এবং লিটন কুমার দাসের সঙ্গে টেলিফোনে কথা বলেছেন। এ সময় বাংলাদেশের জয়ে প্রধানমন্ত্রী ক্রিকেটারদের অভিনন্দন জানান। ক্রিকেটারদের অভিনন্দন জানানোর পাশাপাশি আগামীতে ভালো খেলার জন্য শুভ কামনাও জানান প্রধানমন্ত্রী। তিনি ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য সাহস দেন ক্রিকেটারদের। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **যুগান্তর** (পৃ.৯,ক.৮)।

৫। **পরিবেশ ও বৃক্ষমেলা শুরু আগামীকাল :**
**বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে আগামীকাল অনুষ্ঠানের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

বিশ্ব পরিবেশ দিবস এবং জাতীয় বৃক্ষরোপন অভিযান ও বৃক্ষমেলা উপলক্ষে শেরেবাংলানগর বাণিজ্যমেলার মাঠে বৃক্ষমেলার আয়োজন করা হয়েছে। আগামীকাল ২০ জুন বৃহস্পতিবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে প্রধানমন্ত্রী শেখ হাসিনা অনুষ্ঠানে প্রধান অতিথির হিসেবে উপস্থিত থেকে এর উদ্বোধন করবেন। গতকাল (১৮ জুন মঙ্গলবার) পরিবেশ মন্ত্রণালয়ের সভাকক্ষে এক প্রেস ব্রিফিংয়ে এসব তথ্য জানান পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী মো. শাহাব উদ্দিন। এ সময় তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আমরা পরিবেশকে সমুন্নত রেখে টেকসই উন্নয়নের মাধ্যমে **২০৪১** সালের মধ্যে সমৃদ্ধ ও উন্নত দেশ হিসেবে আত্মপ্রকাশ করব। এ লক্ষ্যে সবাইকে একযোগে কাজ করতে হবে। পরিবেশমন্ত্রী আরো বলেন, পরিবেশ ও বায়ুদূষণরোধে পরিবেশ মন্ত্রণালয় নিয়মিত অভিযান পরিচালনা করছে। এ কার্যক্রমকে আরও গতিশীল করতে পরিবেশ অধিদফতরের ভ্রাম্যমাণ আদালতের কার্যক্রম আরও বাড়ানো হচ্ছে। পরিবেশ দূষণের সঙ্গে জড়িত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ছাড় দেওয়া হবে না। সূত্র **: যুগান্তর** (পৃ.১৭.ক.৮), **সংবাদ** (পৃ.৪,ক.৪), **অবজারভার** (পৃ.৩,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫)।

**৬। বিমানবন্দর থেকে কুতুবখালী এলিভিটেড এক্সপ্রেসওয়ের কাজ সমাপ্ত ২০২২ সালে : সেতুমন্ত্রী**

২০২২ সালের মার্চে এলিভেটেড এক্সপ্রেসওয়ে কাজ শেষ হবে উল্লেখ করে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, রাজধানীর যানজট নিরসনে বিমানবন্দর থেকে কুতুবখালী পর্যন্ত ২৬ কিলোমিটার (উড়াল সড়ক) ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ করা হচ্ছে। ঢাকা এলিভেটেড এক্সপেসের কাজটি পিপিপি প্রজেক্ট করছে। চায়না এক্সিম ব্যাংক এ প্রজেক্টের অর্থায়ন করছে। ঢাকা এলিভেটেড এক্সপ্রেসের কাজও এখন দৃশ্যমান। প্রকল্পটি তিনটি ধাপে সম্পন্ন হবে। প্রথম ধাপে এয়ারপোর্ট থেকে বনানী, দ্বিতীয় ধাপে বনানী থেকে মগবাজার ও শেষ ধাপে মগবাজার থেকে কুতুবখালী পর্যন্ত কাজ হবে। প্রথম ধাপের কাজ আগামী জানুয়ারিতে সম্পন্ন হবে। আর পুরো কাজ শেষ হবে ২০২২ সালের মার্চ মাসে। গতকাল (১৮ জুন মঙ্গলবার) রাজধানীর কাওলায় ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের কাজের অগ্রগতি পরিদর্শনে গিয়ে সাংবাদিকদের তিনি এ তথ্য জানান। সূত্র-**সংবাদ**(পৃ.১,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.৬), **নিউ নেশন** (পৃ.৩,ক.২)।

**৭। ডিআইজি মিজানের বিষয়ে তদন্ত হচ্ছে, সোহেল তাজের ভাগনে শীঘ্রই উদ্ধার হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, পুলিশের ডিআইজি মিজানের বিষয়ে তদন্ত হচ্ছে। তদন্তের পর তথ্য-প্রমাণের ভিত্তিতে ব্যবস্থা নেওয়া হবে। এছাড়া সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী সোহেল তাজের ভাগ্নে সৌরভ শীঘ্রই উদ্ধার হবে। গতকাল (১৮ জুন মঙ্গলবার) সচিবালয়ে স্বরাষ্ট্রমন্ত্রণালয়ে সুরক্ষা সেবা বিভাগের অধীনস্ত দফতরগুলোর সঙ্গে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)।

**৮। দেশে ৩৫ লাখ ৮২ হাজার মামলা বিচারাধীন : সংসদে আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, দেশে বর্তমানে মোট ৩৫ লাখ ৮২ হাজার ৭৪৭টি বিচারাধীন মামলা দ্রুত নিষ্পত্তি করতে কার্যকর পদক্ষেপ নেওয়া হয়েছে। গতকাল (১৮ জুন মঙ্গলবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তরপর্বে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

**৯। পাঁচ বছরে ইলিশের উৎপাদন সাড়ে পাঁচ লাখ টন ছাড়িয়ে যাবে : সংসদে মৎস্য প্রতিমন্ত্রী**

মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী আশরাফ আলী খান খসরু সংসদকে জানিয়েছেন, গত দেড় দশকে দেশে ইলিশের উৎপাদন আড়াই গুণের বেশি বেড়েছে। ২০০২-০৩ অর্থবছরে যেখানে ইলিশের উৎপাদন ছিল এক লাখ ৯৯ হাজার ৩২ টন, ২০১৭-১৮ অর্থবছরে তা বেড়ে দাঁড়ায় পাঁচ লাখ ১৭ হাজার টনে। আগামী পাঁচ বছরে ইলিশের উৎপাদন পাঁচ লাখ ৫০ হাজার টন ছাড়িয়ে যাবে বলেও তিনি আশা প্রকাশ করেন। গতকাল (১৮ জুন মঙ্গলবার) সংসদে এক প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী এসব তথ্য দেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **যুগান্তর** (পৃ.১৬,ক.৬)।

**১০। পানি সঙ্কট মোকাবিলায় ৮০ প্রকল্পে বরাদ্দ ২৯৭৮ বিলিয়ন টাকা : সংসদে পানিসম্পদ প্রতিমন্ত্রী**

সংসদে পানিসম্পদ প্রতিমন্ত্রী জাহিদ ফারুক বলেছেন, জলবায়ু পরিবর্তন ও প্রাকৃতিক দুর্যোগজনিত ঝুঁকির কারণে পানি সঙ্কট মোকাবিলাসহ কাঙ্ক্ষিত উন্নয়নের দীর্ঘমেয়াদী চ্যালেঞ্জ মোকাবিলায় মহাপরিকল্পনা গ্রহণ করছে সরকার। প্রকল্পটির নামকরণ করা হয়েছে 'বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা-২১০০।' এটি আগামী ২০৩০ সালের মধ্যে বাস্তবায়নের জন্য ৮০টি প্রকল্প নেবে সরকার, যাতে ব্যয় হবে প্রায় ২ হাজার ৯৭৮ বিলিয়ন টাকা। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে গতকাল (১৮ জুন মঙ্গলবার) জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তরপর্বে প্রতিমন্ত্রী এ তথ্য জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৩), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫)।

**১১। হাজীদের শতভাগ চিকিৎসাসেবা নিশ্চিত করতে হবে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী জাহিদ মালেক বলেছেন, বাংলাদেশ থেকে এ বছর ১ লাখ ২৭ হাজার ধর্মপ্রাণ মুসল্লি হজ পালনে সৌদি আরব যাবেন। তাদের মধ্যে অধিকাংশ বয়সে প্রবীণ। হজপালনকালীন তারা ছোটখাটো অসুখ থেকে শুরু করে হৃদরোগ, ডায়াবেটিস, কিডনিসহ নানাবিধ রোগে আক্রান্ত হতে পারেন। এসব মুসল্লির চিকিৎসাসেবা নিশ্চিত করতে সরকারি খরচে চিকিৎসক, নার্স, টেকনিশিয়ানসহ একটি বড় দল সেখানে পাঠানো হচ্ছে। তাই সেখানে গিয়ে ধর্মপ্রাণ মুসল্লিদের চিকিৎসাসেবা নিশ্চিত করতে হবে। একজনও যেন চিকিৎসাসেবা থেকে বঞ্চিত না হন সে ব্যাপারে স্বাস্থ্য মন্ত্রণালয় থেকে পাঠানো প্রত্যেক সেবাদাতাকে স্মরণ রাখতে হবে। গতকাল (১৮ জুন মঙ্গলবার) রাজধানীর তোপখানা রোডস্থ বিএমএ ভবনে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় আয়োজিত 'হজ চিকিৎসা দল-১৪১৪ হিজরি' ওরিয়েন্টশন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র : **যুগান্তর** (পৃ.৩.ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.৫)।

**১২। জনগণের জন্য পুষ্টিকর খাদ্য নিশ্চিত করতে চাই :**
**সংযুক্ত আবর আমিরাতের খাদ্য প্রতিমন্ত্রীর নেতৃত্বে প্রতিনিধিদলকে খাদ্যমন্ত্রী**

দেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। তাই জনগণের জন্য এখন নিরাপদ ও পুষ্টিকর খাদ্য নিশ্চিত করতে চাই বলে জানিয়েছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার। গতকাল (১৮ জুন মঙ্গলবার) সচিবালয়ে সংযুক্ত আরব আমিরাতের খাদ্য প্রতিমন্ত্রী মারিয়া বিনতে মোহাম্মদ সাঈদ হারেব আলমেহেইরি-এর নেতৃত্বে এক প্রতিনিধিদল খাদ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করে। এ সময় খাদ্যমন্ত্রী বলেন, নিরাপদ খাদ্য নিশ্চিত করতে নিরাপদ খাদ্য আইন-২০১৩ পাস করা হয়েছে। গঠন করা হয়েছে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ। বৈঠককালে সংযুক্ত আরব আমিরাতের খাদ্য প্রতিমন্ত্রী বলেন, হালাল এবং খাদ্য নিরাপত্তার বিষয়টি নিশ্চিত করলে বাংলাদেশ থেকে উন্নতমানের সুগন্ধি চাল, আমসহ বিভিন্ন রকম ফল, শাকসবজি আমদানি করা হবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.১)।

**১৩। অভিবাসন ব্যয় কমাতে রিক্রুটিং এজেন্সিগুলোর ভূমিকা গুরুত্বপূর্ণ : প্রবাসী কল্যাণমন্ত্রী**

অভিবাসন ব্যয় হ্রাস এবং নিরাপদ অভিবাসন নিশ্চিত করতে রিক্রুটিং এজেন্সিগুলোর ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে মন্তব্য করেছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমদ। তিনি বলেন, অতিরিক্ত অভিবাসন ব্যয়ের কারণেই কর্মীদের ভোগান্তির শিকার হতে হয়। বৈদেশিক কর্মসংস্থানের ক্ষেত্রে হয়রানি, প্রতারনা ও দুর্নীতির সঙ্গে জড়িত থাকলে কাউকে ছাড় দেয়া হবে না। অভিবাসন ব্যয় কমাতে সবার সহযোগিতার পাশাপাশি বৈদেশিক কমসংস্থানে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে রিক্রুটিং এজেন্সিগুলোকে জেলা পর্যায়ে শাখা অফিস খোলার আহ্বান জানান তিনি। গতকাল (১৮ জুন মঙ্গলবার) মন্ত্রণালয়ের সভাকক্ষে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অভ্ ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিজ (বায়রা)-এর প্রতিনিধিদের সঙ্গে এক বৈঠকে তিনি এসব কথা বলেন। সূত্র : **যুগান্তর** (পৃ.১৭.ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**১৪। তরুণরা আর চাকরি খুঁজবে না, চাকরি দেবে : তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেছেন, দেশের তরুণরা চাকরি খুঁজবে না, বরং চাকরি দিতে পারবে। গতকাল (১৮ জুন মঙ্গলবার) রাজধানীর আগারগাঁওয়ে আইসিটি টাওয়ারের স্টার্টআপ প্রকল্পের সভাকক্ষে ইউমেন এন্ড ই-কমার্স এর উদ্যোগে 'উইমেন ই-কমার্স নিশ্চিত করতে পারে সারা দেশের নারীর আর্থিক অংশগ্রহণ ও ক্ষমতায়ন' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। আইসিটি প্রতিমন্ত্রী বলেন, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে তথ্যপ্রযুক্তি বিভাগ দেশে উদ্ভাবনী সংস্কৃতি গড়ে তুলতে স্টার্টআপ বাংলাদেশ লি. কোম্পানি গঠন, ইনোভেশন ডিজাইন অ্যান্ড অন্ট্রাপ্রেনরশিপ একাডেমি প্রতিষ্ঠাসহ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। তিনি আরো বলেন, আইডিয়া প্রকল্পের মাধ্যমে স্টার্টআপ প্রতিষ্ঠানগুলোকে আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে। নারী পুরুষের সমান সুযোগ সৃষ্টি করতে লার্নিং আর্নিং প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে নারী উদ্যোক্তা তৈরি করা হচ্ছে। সরকার উদ্যোক্তাদের সহায়তার জন্য ২০১৯-২০ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে ১০০ কোটি টাকা বরাদ্দ রেখেছে। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৩), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২)।

**১৫। মেয়াদোত্তীর্ণ ওষুধ এক মাসের মধ্যে ধ্বংসের আদেশ দিয়েছে হাইকোর্ট**

মেয়াদোত্তীর্ণ ওষুধ এক মাসের মধ্যে বাজার থেকে জব্দ ও ধ্বংস করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আদেশ দিয়েছে হাইকোর্ট। পাশাপাশি এসব ওষুধ বিক্রি, সরবরাহ ও সংরক্ষণে জড়িতদের শনাক্ত করতে কমিটি গঠনের নির্দেশ দিয়েছে আদালত। জনস্বার্থে করা এক রিট আবেদনের শুনানিকালে গতকাল (১৮ জুন মঙ্গলবার) বিচারপতি এফআরএম নাজমুল আহাসান ও বিচারপতি কে এম কামরুল কাদেরের বেঞ্চ এ আদেশ দেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.১,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.২)।

## সম্পাদকীয়

**ক.** **সমকাল :** ফরিদপুরের বোয়ালমারী উপজেলার ঘোষপুর ইউপি চেয়ারম্যান, সদস্য ও ব্যাংক কর্মকর্তার বিরুদ্ধে যোগসাজশ করে প্রতিবন্ধীদের ভাতার টাকা আত্মসাতের অভিযোগ পাওয়া গেছে উল্লেখ করে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তিরোধে এসব অপকর্মের সঙ্গে জড়িতদের চিহ্নিত করে শাস্তির দাবি।

**খ.** **যায়যায়দিন :** বায়ুদূষণ বেড়ে যাওয়াকে মানবজীবনের জন্য অত্যন্ত ঝুঁকিপূর্ণ উল্লেখ করে বায়ুদূষণরোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**গ.** **বণিকবার্তা :** বিআরটিসি'র ১ হাজার ৩৮৯টি বাসের মধ্যে ৫২৫টিই অচল হয়ে বিভিন্ন ডিপোয় পড়ে রয়েছে উল্লেখ করে সরকারি সম্পদের এ ধরনের অপচয় রোধে নজর দেওয়ার সুপারিশ।

**ঘ.** **যুগান্তর :** দালালদের মাধ্যমে জীবনের ঝুঁকি নিয়ে অবৈধ পথে বিদেশ গমন রোধে বাংলাদেশিদের সচেতনতা বৃদ্ধির পাশাপাশি এ ধরনের প্রতারক দালালচক্রকে আইনের আওতায় এনে শাস্তির দাবি।

**ঙ.** **জনকণ্ঠ :** ব্রিটিশ আমলে করা আইনে কারাগারগুলোতে রুটি ও শুকনা গুড়ের পরিবর্তে বন্দিদের জন্য খিচুড়ি, সবজি, হালুয়া এবং রুটির নতুন নাস্তার মেনু চালু হওয়াকে যুগান্তকারী পদক্ষেপ বলে মন্তব্য।

**চ.** **ঢাকা ট্রিবিউন :** পরিবেশ সুরক্ষায় বেশি করে গাছ লাগানোর আহ্বান ।

**ছ.** **নিউজ টুডে :** প্রতিকারের চেয়ে প্রতিরোধ উত্তম এ কথা মাথায় রেখে বর্ষাকালের শুরুতেই ডেঙ্গু রোগের প্রকোপ এড়াতে সচেতনতার আহ্বান।

## নিবন্ধ ও ফিচার

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **'তারুণ্যকে চাপমুক্ত রাখতে হবে'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, দেশ ও জাতির স্বার্থে তারুণ্যের অমিত সম্ভাবনাকে সৃষ্টিশীল কাজে লাগানো জরুরি।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা